# বিশেষ অনুশীলন (২)-২০২০

**শ্রেণি : নবম**

**বিষয় : বাংলা প্রথম পত্র**

সময় : ১ ঘণ্টা ~~১০~~ 15 মিনিট | পূর্ণমান : ৫০

## ক -অংশ (বহুনির্বাচনি প্রশ্ন) (30 wgwbU)

**বহুনির্বাচনি প্রশ্ন :** ১ × ৩০ = ৩০

১। কিছুদিনের জন্য বাণীকণ্ঠ কোথায় গেল?

ক) বিদেশ খ) কলকাতা

গ) সদরে ঘ) বড় মেয়ের বাড়ি

২। সুভার হয়ে কথা বলে কে?

ক) বোবা প্রকৃতি খ) প্রতাপ

গ) দু'টি গাভী ঘ) বিড়াল ও মেষশাবক

৩। অনুমানশক্তি দিয়ে সুভার মনোবেদনা বুঝত কারা ?

ক) পাখিরা খ) বিড়াল ছানারা

গ) বোনেরা ঘ) গাভীরা

৪। সুভাকে নিজের একটা ত্রুটিরূপ দেখতেন কে ?

ক) সুভার মা খ) সুভার বাবা

গ) সুভার বোন ঘ) প্রতাপ

৫। 'উপেক্ষিত শক্তির উদ্বোধন' প্রবন্ধে কার গৌরবের অহংকার ছিল না?

ক) নেতাজি সুভাষচন্দ্র বসুর খ) রবীন্দ্রনাথ ঠাকুরের

গ) কাজী নজরুল ইসলামের ঘ) মহাত্মা গান্ধীর

৬। কে বোধন-বাঁশিতে সুর দেওয়ার আহ্বান জানিয়েছেন?

ক) কাজী নজরুল ইসলাম খ) প্রমথ চৌধুরী

গ) রবীন্দ্রনাথ ঠাকুর ঘ) মহাত্মা গান্ধী

নিচের উদ্দীপকটি পড়ো এবং ৭ ও ৮ নম্বর প্রশ্নের উত্তর দাও।

ভারতবর্ষের রাজনৈতিক আন্দোলনে হিন্দু-মুসলিম ঐক্য প্রতিষ্ঠায় দেশবন্ধু চিত্তরঞ্জন দাস অনন্য ভূমিকা পালন করেছেন। তিনি উপলব্ধি করেছিলেন রাজনৈতিক সমস্যার সমাধান নিশ্চিতকরণে হিন্দু-মুসলিম উভয় সম্প্রদায়ের স্বার্থ রক্ষার প্রতি মনোযোগী হওয়া আবশ্যক। তাই তিনি সাম্প্রদায়িকতার বিলোপ সাধনের উদ্দেশ্যে আন্তরিক প্রয়াস চালান।

৭। 'উপেক্ষিত শক্তির উদ্বোধন' প্রবন্ধের কোন আহ্বান উদ্দীপকের নেতার প্রয়াসের সঙ্গে ঐক্য স্থাপন করে?

ক) জাতিগত বিভেদ নিরসনের

খ) ছোটলোককে আপন করে নেওয়ার

গ) উপেক্ষিত ভাইদের আপন করার

ঘ) গণতান্ত্রিক রাষ্ট্র গঠনের

৮। 'উপেক্ষিত শক্তির উদ্বোধন' প্রবন্ধ অনুযায়ী উদ্দীপকের নেতার মতো মনীষীদের সংগ্রামের উদ্দেশ্য হলো-

i. রাষ্ট্রীয় জীবনকে সুখী ও সমৃদ্ধিশালী করা

ii. মর্যাদাবান জাতি গঠন করা

iii. মর্যাদাবান রাষ্ট্র গঠন করা

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

৯। 'উপেক্ষিত শক্তির উদ্বোধন' প্রবন্ধটি কোন পটভূমিতে লেখা?

ক) পাকিস্তানের খ) অবিভক্ত ভারতবর্ষের

গ) ভারতের ঘ) বাংলাদেশের

১০। 'উপেক্ষিত শক্তির উদ্বোধন' প্রবন্ধটি পাঠের উদ্দেশ্য কী?

ক) মনুষ্যত্বের জাগরণ খ) গণজাগরণ

গ) উপেক্ষিতদের জাগরণ ঘ) ভ্রাতৃত্ববোধের জাগরণ

১১। কোন দিনে আমাদের উপেক্ষিত শক্তিকে ভুললে চলবে না?

ক) বিদ্রোহের দিনে খ) আনন্দের দিনে

গ) উৎপীড়নের দিনে ঘ) মহাজাগরণের দিনে

১২। 'উপেক্ষিত শক্তির উদ্বোধন' প্রবন্ধে আত্মা শিহরিয়া ওঠার কথা বলা হয়েছে যে প্রেক্ষিতে -

ক) জন্মগত বৈষম্যের নির্মমতা বোঝাতে

খ) কলুষিত আত্মার কষ্ট বোঝাতে

গ) ভদ্রলোকদের চরিত্র বোঝাতে

ঘ) জাতির যুগান্তর আনা বোঝাতে

১৩। উপেক্ষিত জনগোষ্ঠীকে উদ্বোধিত করতে প্রয়োজন–

ক) জাতপাতের উন্নয়ন ঘটানো

খ) ভ্রাতৃত্বের বন্ধনে আবদ্ধ করা

গ) প্রাণে প্রাণে সজ্ঞাত স্থাপন করা

ঘ) শ্রমিকের ন্যায্যমূল্য প্রদান

১৪। 'জুতা আবিষ্কার' কবিতাটি কোন কাব্যগ্রন্থ থেকে সংকলিত হয়েছে ?
ক) সোনার তরী খ) বলাকা গ) কল্পনা ঘ) ক্ষণিকা

১৫। 'জুতা আবিষ্কার' কবিতার মূল উপজীব্য কী ?
ক) ধুলাবালি থেকে রাজার পা'কে মুক্ত রাখার নানা প্রসঙ্গ
খ) রাজার পায়ের ব্যথা দূর করতে হাস্যকর প্রয়াস
গ) রাজকীয় উৎসবে রাজার পায়ের সৌন্দর্য বৃদ্ধিতে
ঘ) রাজার রাজ উদ্যানে আরামে পায়চারি করার মানসে

১৬। 'জুতা আবিষ্কার' কবিতায় 'অনাসৃষ্টি' বলতে কী বোঝানো হয়েছে?

ক) মন্ত্রীদের অনাচার খ) প্রজাদের আইন অমান্য
গ) রাজার পায়ে মাটি লাগা ঘ) রাজ্যে চরম নৈরাজ্য

১৭। 'নহিলে কারো রক্ষা নাহি আর।'–কেন ?

ক) অনাসৃষ্টির প্রতিকার না করলে
খ) রাজ্যের নৈরাজ্য দূর না করলে
গ) রাজ্যের দুর্নীতি দূর না করলে
ঘ) উপযুক্ত পণ্ডিত খুঁজে না পেলে

১৮। 'জুতা আবিষ্কার' কবিতায় 'পায়ের ধুলা' বলতে কী বোঝানো হয়েছে ?
ক) মলিন ধুলা খ) আর্শিবাদ গ) রোষানল ঘ) রাজ্যের মাটি

১৯। ধুলার মাঝে কী উহ্য হলো ?
ক) রাজপ্রাসাদ খ) নগর গ) মন্দির ঘ) অশ্বারোহী সৈন্য

২০। 'মাটির ভয়ে রাজ্য হবে মাটি '–বলতে কী বোঝানো হয়েছে ?
ক) রাজ্য কর্দমাক্ত হওয়া খ) রাজ্য বিপদাপন্ন হওয়া
গ) রাজ্যে অরাজকতা সৃষ্টি হওয়া
ঘ) রাজা দিবস রাতি ঘরে বন্ধ থাকলে

২১। চামার-কুলপতি রাজার পদোপান্তে বসে কী করলো ?
ক) তাকে মুক্তি দিতে অনুরোধ করলো
খ) রাজার পদ চর্ম-আবরণে ঢেকে দিলো
গ) রাজাকে প্রাণভরে পেন্নাম করলো
ঘ) রাজার পদযুগল ধুয়ে দিলো

২২। রাজার পা ধুলা থেকে কীভাবে মুক্তি পায় ?

i. রাজার চরণ দুটি চামড়া দিয়ে ঢেকে
ii. গোটা রাজ্য থেকে ধুলি ঝাঁট দিয়ে
iii . বয়স্ক চর্মকারের জুতা আবিষ্কারের মাধ্যমে
নিচের কোনটি সঠিক ?

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i , ii ও iii

নিচের উদ্দীপকটি পড়ে ২৩ ও ২৪ নম্বর প্রশ্নের উত্তর লেখো

শিবরাম বাবু বাংলা ভাষার একজন পণ্ডিত। কখনো বাংলা ছাড়া অন্য কোনো ভাষা ব্যবহার করেন না । অন্য কোনো ভাষায় কথা বলা তিনি সহ্য করতে পারেন না ।

২৩। শিবরাম বাবুর কোন বৈশিষ্ট্যটি 'বঙ্গবাণী' কবিতায় পাওয়া যায় ?

ক) দেশের প্রতি বিদ্বেষ খ) মাতৃভাষার প্রতি অনুরাগ
গ) দেশের প্রতি ভালোবাসা ঘ) মাতৃভাষার প্রতি অবহেলা

২৪। শিবরাম পণ্ডিতের মাঝে কবির কোন বৈশিষ্ট্যটি অনুপস্থিত ?

ক) নিজ ভাষার প্রতি অনুরাগ খ) সকল ভাষার প্রতি শ্রদ্ধাবোধ
গ) সকল ভাষার প্রতি বিরাগ ঘ) সকল ভাষার প্রতি ভালোবাসা

২৫। এদেশে জন্মগ্রহণ করেও যারা বাংলা ভাষার প্রতি শ্রদ্ধাশীল নয় , তাদের কে উদ্দেশ্য করে কবি লিখেছেন–

i. দেশী ভাষা উপদেশ মনে হিত অতি
ii. সে সব কাহার জন্ম নির্ণয় ন জানি
iii. নিজ দেশ তেয়াগী কেন বিদেশ ন যায়

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) ii ও iii গ) i ও iii ঘ) i , ii ও iii

২৬। 'বঙ্গবাণী' বলতে কী বোঝানো হয়েছে ?

ক) বাংলার বাণী খ) বাংলা বাক্য গ) বাংলা কথা ঘ) বাংলা ভাষা

২৭। 'বঙ্গবাণী' কবিতার মূল উপজীব্য কোনটি?

ক) দেশপ্রেম খ) ভাষাপ্রেম গ) জাতিপ্রেম ঘ) সংস্কৃতিপ্রেম

২৮। আবদুল হাকিম কোন শতকের কবি ?
ক) ষোড়শ শতকের খ) সপ্তদশ শতকের
গ) পঞ্চদশ শতকের ঘ) অষ্টাদশ শতকের

২৯। কবি আবদুল হাকিমের মতে মানুষ স্রষ্টাকে কোন ভাষায় ডাকে ?
ক) নিজ ভাষায় খ) আরবি ভাষায়
গ) ফরাসি ভাষায় ঘ) বাংলা ভাষায়

৩০। আরবি-ফারসি শাস্ত্রে কবির রাগ নেই কেন ?

ক) ধর্মীয় অনুভূতির কারণে খ) গুরুজনদের উপদেশের কারণে
গ) অত্যন্ত শ্রুতিমধুর বলে ঘ) সকল ভাষার প্রতি কবি শ্রদ্ধাশীল বলে

# খ - অংশ (সৃজনশীল ) (45 ‡gvbU)

**নিচের উদ্দীপকদ্বয় পড়ে সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর লেখো :**

১ । দৃশ্যকল্প -১ : 'পরের মুখে শেখা বুলি পাখির মত কেন বলিস?

পরের ভঙ্গি নকল করে নটের মত কেন চলিস?

দৃশ্যকল্প -২: 'প্রভাতফেরি প্রভাতফেরি

আমায় নেবে সঙ্গে

বাংলা আমার বচন,

আমি জন্মেছি এই বঙ্গে।"

ক. 'তোষি'- শব্দের অর্থ কি? ১
খ. 'দেশি ভাষা উপদেশ মনে হিত অতি' বলতে কবি কী বুঝিয়েছেন? ২
গ. 'দৃশ্যকল্প -১ এ 'বঙ্গবাণী' কবিতার কোন দিকটি প্রতিফলিত হয়েছে' - ব্যাখ্যা করো। ৩
ঘ. "দৃশ্যকল্প -২ এ 'বঙ্গবাণী' কবিতার মূল সুর ধ্বনিত হয়েছে ।"- মন্তব্যটি বিশ্লেষণ করো। ৪

২ । আমার ভাইপো বলাই-তার প্রকৃতিতে গাছপালার মূল সুরগুলোই হয়েছে প্রবল। ছেলেবেলা থেকেই চুপচাপ চেয়ে চেয়ে দেখাই তার অভ্যাস, নড়েচড়ে বেড়ানো নয়। পুব দিকের আকাশে কালো মেঘ স্তরে স্তরে স্তম্ভিত হয়ে দাঁড়ায়, ওর সমস্ত মনটাতে ভিজে হাওয়া যেন শ্রাবণ-অরণ্যের গন্ধ নিয়ে ঘনিয়ে ওঠে; ঝম্ ঝম্ করে বৃষ্টি পড়ে, ওর সমস্ত গা যেন শুনতে পায় সেই বৃষ্টির শব্দ।

ক) 'কপোল'–শব্দের অর্থ কী ? ১
খ) 'প্রতাপ সুভার মর্যাদা বুঝত কেন ? ব্যাখ্যা করো। ২
গ) উদ্দীপকের বলাইয়ের সঙ্গে 'সুভা' গল্পের যে চরিত্রটির সাদৃশ্য রয়েছে তা ব্যাখ্যা করো। ৩
ঘ) "উদ্দীপকে 'সুভা' গল্পের সমগ্র দিক ফুটে উঠেনি।" -মন্তব্যটির যথার্থতা বিচার করো। ৪